সংবাদ

তারিখ ...17.SEP.2017...
পৃষ্ঠা ... 8... কলাম ...1......

## সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে

# ঢাবি ‘চ’ ইউনিটের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত

বিশ্ববিদ্যালয় বার্তা পরিবেশক

সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে ‘চ’ ইউনিটের অধীনে স্নাতক সম্মান শ্রেণীতে ১ম বর্ষের ভর্তি পরীক্ষা (সাধারণ জ্ঞান) গতকাল সকালে অনুষ্ঠিত হয়েছে। সকাল ১০টা থেকে শুরু হওয়া এ পরীক্ষা শেষ হয় বেলা ১১টায়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান ভর্তি পরীক্ষা চলাকালীন সময়ে চারুকলা অনুষদের বিভিন্ন পরীক্ষা কেন্দ্র পরিদর্শন করেন। এ সময় বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীন, চারুকলা অনুষদের ডিন ও ‘চ’ ইউনিট ভর্তি পরীক্ষার সমন্বয়কারী অধ্যাপক নিসার হোসেন, ভারপ্রাপ্ত প্রক্টর অধ্যাপক ড. এ এম আমজাদসহ বিশ্ববিদ্যালয়ের সিনিয়র শিক্ষক এবং কর্মকর্তারা উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, ‘চ’ ইউনিটে ১৩৫টি আসনের বিপরীতে এবার ভর্তিচ্ছু পরীক্ষার্থীর সংখ্যা ১৩,৪৭২ জন। উক্ত ভর্তি পরীক্ষা চারুকলা অনুষদসহ ক্যাম্পাসের মোট ১১টি কেন্দ্রে অনুষ্ঠিত হয়।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| ..., পরিসংখ্যান বিভাগ | |
| ..., ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিষ্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর

2